



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

Telephone: 02-22338414, Email: rnt.bcic@gmail.com; Web: www.bcic.gov.bd



সূত্র নং-৩৬.০১.০০০০.১২৬.১১.৪০১.২৬/৫৫৪

তারিখ: ১১ অক্টোবর, ২০২৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন-এর নিয়ন্ত্রণাধীন দেশের বিভিন্ন স্থানে অবস্থিত কারখানা/প্রতিষ্ঠানসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শূন্যপদসমূহে উপযুক্ত প্রার্থীদেরকে অনলাইনে আবেদন করার আহ্বান করা হচ্ছে:

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	গ্রেড	বেতন স্কেল	বয়স সীমা (বছর)	আবেদনের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)	২২	৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর বা স্নাতক (সম্মান) বা সমমানে ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৭৫ এবং জিপিএ ৩.৫০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
০২	নিরাপত্তা কর্মকর্তা	০৩	৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩৮	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর বা স্নাতক (সম্মান) বা সমমানে ডিগ্রি; খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৭৫ এবং জিপিএ ৩.৫০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না; গ) সুঠামদেহ ও সুস্থাস্থ্যের অধিকারী ও উচ্চতা অন্ত্য ৫ ফুট ৫ ইঞ্চি; ঘ) সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত বা রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা বা প্রতিষ্ঠানে নিরাপত্তা শাখায় ১০ম গ্রেডভুক্ত পদে অন্ত্য ৫ (পাঁচ) বৎসরের চাকরি অথবা বৃহৎ ম্যানুফ্যাকচারিং কারখানার নিরাপত্তা কর্মকর্তা পদে অন্ত্য ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং ঙ) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা অর্জনের পর হতে অভিজ্ঞতা বিবেচ্য হবে।
০৩	হিসাব কর্মকর্তা/অর্থ কর্মকর্তা	২৫	৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বা ফিন্যান্স বা অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৭৫ এবং জিপিএ ৩.৫০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
০৪	সহকারী প্রোগ্রামার	০৩	৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রোনিक्स ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং বা বিএসসি (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৭৫ এবং জিপিএ ৩.৫০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
০৫	সহকারী ব্যবস্থাপক (ক্রয়)/ সহকারী ব্যবস্থাপক (বিক্রয়)	১৫	৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৭৫ এবং জিপিএ ৩.৫০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
০৬	সহকারী রসায়নবিদ	৬২	৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বা ফলিত রসায়ন বিষয়ে বিএসসিসহ এমএসসি বা বিএসসি (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ৩.০০ এবং জিপিএ ৪.০০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
০৭	সহকারী প্রকৌশলী (রসায়ন)		৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ৩.০০ এবং জিপিএ ৪.০০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
০৮	সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)	১৩	৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রোনিक्स বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রোনিक्स এন্ড কমিউনিকেশন বিষয়ে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ৩.০০ এবং জিপিএ ৪.০০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
০৯	কারিগরী কর্মকর্তা		৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে বিএসসি (স্নাতক) সহ এমএসসি বা বিএসসি (সম্মান) ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ৩.০০ এবং জিপিএ ৪.০০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।

১০	সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)	১৮	৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশল বিষয়ে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ৩.০০ এবং জিপিএ ৪.০০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
১১	সহকারী প্রকৌশলী (পুর)	০৩	৯ম	৪৪০০০-১০৫৯০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ৩.০০ এবং জিপিএ ৪.০০ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
১২	সহকারী প্রশাসনিক কর্মকর্তা	১২	১০ম	৩২০০০-৭৭৩০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.২৫ এবং জিপিএ ২.৭৫ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
১৩	সহকারী নিরাপত্তা কর্মকর্তা	০১	১০ম	৩২০০০-৭৭৩০০/-	৩৮	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.২৫ এবং জিপিএ ২.৭৫ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না; গ) সুঠামদেহ ও সুস্বাস্থ্যের অধিকারী ও উচ্চতা অনূন ৫ ফুট ৫ ইঞ্চি; ঘ) সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত বা রাষ্ট্রায়ত্ত সংস্থা বা প্রতিষ্ঠানে নিরাপত্তা পরিদর্শক পদে অনূন ৭ (সাত) বৎসরের চাকরি অথবা বৃহৎ ম্যানুফ্যাকচারিং কারখানার নিরাপত্তা সংশ্লিষ্ট কর্মে অনূন ৮ (আট) বৎসরের চাকরি; এবং ঙ) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা অর্জনের পর হতে অভিজ্ঞতা বিবেচ্য হবে।
১৪	সহকারী হিসাব কর্মকর্তা/সহকারী অর্থ কর্মকর্তা	৩১	১০ম	৩২০০০-৭৭৩০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.২৫ এবং জিপিএ ২.৭৫ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
১৫	সহকারী অপারেশন অফিসার	০৩	১০ম	৩২০০০-৭৭৩০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রোনিয় ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং বা বা বিএসসিসহ এমএসসি বা বিএসসি (সম্মান) বা সমমানের ডিগ্রি; অথবা খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে কম্পিউটার সায়েন্স বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বা ইলেক্ট্রোনিয় বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ সংশ্লিষ্ট কর্মে ৩ (তিন) বৎসরের চাকরি; এবং গ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.২৫ এবং জিপিএ ২.৭৫ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
১৬	সহকারী বাণিজ্যিক কর্মকর্তা	১৯	১০ম	৩২০০০-৭৭৩০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.২৫ এবং জিপিএ ২.৭৫ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
১৭	উপ-সহকারী রসায়নবিদ		১০ম	৩২০০০-৭৭৩০০/-	৩২	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বা ফলিত রসায়ন বিষয়ে বিএসসিসহ এমএসসি বা বিএসসি (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.২৫ এবং জিপিএ ২.৭৫ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না।
১৮	উপ-সহকারী প্রকৌশলী (রসায়ন)	৪১	১০ম	৩২০০০-৭৭৩০০/-	৩২	ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে কেমিকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.২৫ এবং জিপিএ ২.৭৫ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না; এবং গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।
১৯	উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)	৩	১০ম	৩২০০০-৭৭৩০০/-	৩২	ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে যন্ত্রকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.২৫ এবং জিপিএ ২.৭৫ এর নিম্নে গ্রহণযোগ্য হবে না; এবং গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।
মোট পদ =		২৭৪				

ক) শিক্ষাগত যোগ্যতা নির্ধারণের শর্তাবলীঃ

শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নির্ধারিত হবে নিম্নরূপভাবেঃ

৫.০০ পয়েন্ট স্কেলে	সমতুল্য শ্রেণি/বিভাগ
৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম শ্রেণি/ বিভাগ
২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	দ্বিতীয় শ্রেণি/ বিভাগ
১.০০ বা তদূর্ধ্ব কিন্তু ২.০০ এর কম	তৃতীয় শ্রেণি/ বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত সিজিপিএ বা সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবে নিম্নরূপভাবেঃ

অর্জিত সিজিপিএ		
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	সমতুল্য শ্রেণি/বিভাগ
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম শ্রেণি/ বিভাগ
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় শ্রেণি/ বিভাগ
১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম	তৃতীয় শ্রেণি/ বিভাগ

খ) অনলাইনে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১. নিম্নোক্ত নিয়মাবলি অনুসরণ করে অনলাইনে আবেদন ফরম পূরণ করা যাবেঃ
 - আবেদনের সময়সীমা: ১৪ অক্টোবর, ২০২৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে ১২ নভেম্বর, ২০২৬ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত;
 - আবেদনের ওয়েব লিংক: www.bcic.gov.bd এবং <http://bcic.teletalk.com.bd>;
 - আবেদনের ফি (সাধারণ): টেলিটক এর সার্ভিস চার্জসহ অফেরতযোগ্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা;
 - আবেদনের ফি (অনগ্রসর নাগরিক): টেলিটক এর সার্ভিস চার্জসহ ৫৬/- (ছাপান্ন) টাকা;
 - আবেদন ফি জমাদান: অনলাইনে আবেদনের পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পাঠাতে হবে।
২. আবেদনপত্র গ্রহণ শুরু তারিখে (১৪ অক্টোবর, ২০২৬) প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এক্সিডেন্ট গ্রহণযোগ্য হবে না।
৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন আনা হলে তা অনুসরণযোগ্য হবে।
৪. একজন প্রার্থী ৯ম গ্রেডভুক্ত যে কোন ০১ টি পদ এবং ১০ম গ্রেডভুক্ত যে কোন ০১ টি পদসহ অনধিক ২ টি পদে আবেদন করতে পারবেন।
৫. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের চাকরিতে যোগদান পর্যন্ত কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৬. এই নিয়োগ ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বিসিআইসি'র নিজস্ব ওয়েব সাইট www.bcic.gov.bd এ পাওয়া যাবে। আবেদনের সময় হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষার ফলাফল, মৌখিক পরীক্ষার সিডিউল, চূড়ান্ত ফলাফল, নিয়োগপত্রসহ সকল তথ্য www.bcic.gov.bd এ প্রকাশ করা হবে।

গ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য করণীয়ঃ

০৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর ১০ কর্মদিবসের মধ্যে নিম্নোক্ত কাগজপত্র ও সনদসমূহ ২ (দুই) সেট নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ, বিসিআইসি, বিসিআইসি ভবন (৬ষ্ঠ তলা), ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে সরাসরি/রেজিস্টার্ড ডাকযোগে জমা দিতে হবে। খামের উপরে ও আবেদনপত্রে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরম এর অনুরূপ তথ্য ফরম পূরণ করে এর সাথে (ক) অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের Applicant Copy এর প্রিন্ট কপি, (খ) প্রবেশপত্র, (গ) আবেদনে উল্লিখিত সকল সনদ/কাগজাদি, (ঘ) সদ্যতোলা চার কপি পাসপোর্ট সাইজের ছবি, (ঙ) নিজ জেলার পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র অথবা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (চ) চারিত্রিক সনদপত্র ও (ছ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে) ছবিসহ সকল ডকুমেন্টস প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
০৮. যে সকল প্রার্থী বিদেশ হতে ইঞ্জিনিয়ারিং/স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রযোজ্য ক্ষেত্রে যে কোন ডিগ্রি অর্জন করেছেন তাদের বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় হতে ইকুইভ্যালেন্স সংক্রান্ত যথাযথ প্রত্যয়ন পত্র অবশ্যই দাখিল করতে হবে।
০৯. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরির প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নো অবজেকশন সার্টিফিকেট(এনওসি)/অনাপত্তি পত্র দাখিল করতে হবে। পূর্বের চাকরিস্থলের আপত্তি পাওয়া গেলে প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১০. চূড়ান্তভাবে নির্বাচিত ও নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের পোস্টিংকৃত কর্মস্থলে ন্যূনতম ০৩ (তিন) বছর চাকরি করতে হবে।
১১. চূড়ান্তভাবে নির্বাচিত কোন প্রার্থীর ক্ষেত্রে পরবর্তীকালে কোন সময়ে কোন যোগ্যতার বা কাগজপত্রের ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, পুলিশ ভেরিফিকেশন-এ বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে, স্বাস্থ্যগত অযোগ্যতার প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোন গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্ষেত্রবিশেষে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারি আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বিসিআইসি প্রবিধানমালা ৫৪ (২) অনুযায়ী বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
১২. যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এরূপ ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন যে কোন পর্যায়ে চাকরিতে আবেদনকারীর প্রার্থীতা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৩. কর্তৃপক্ষ নিয়োগের যেকোন পর্যায়ে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা নিয়োগ প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।